নর্থ বেঙ্গল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি
North Bengal International University
NBIU
ক্যাম্পাস: চৌদ্দপাই, নাটোর রোড, মতিহার, রাজশাহী। Campus: Chowddopai, Natore Road, Motihar, Rajshahi
Mobile: 01789-908612, 01713-072270, 01979-908612 | www.nbiu.edu.bd | info@nbiu.edu.bd | nbiu.edu@gmail.com

# ১২তম সিন্ডিকেট সভার কার্যবিবরণী

(৩১.১০.২০২৪)

(সিদ্ধান্ত নম্বর ৭, সংযুক্তি ১৩)

## নর্থ বেঙ্গল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি

প্রভাষক থেকে সহকারী অধ্যাপক পদে (পদ থাকা সাপেক্ষে) পদোন্নতির জন্য যোগ্যতার নীতিমালা

| ইউজিসি'র শর্ত অনুযায়ী সহকারী অধ্যাপক পদে পদোন্নতির সাধারণ যোগ্যতা | এনবিআইইউ'র শর্ত অনুযায়ী সহকারী অধ্যাপক পদে পদোন্নতির সাধারণ যোগ্যতা | ইউজিসি'র শর্ত পূরণ না করে অস্থায়ী ভিত্তিতে সহকারী অধ্যাপক পদে আপগ্রেডেশনের জন্য বিশেষ নীতিমালা |
|---|---|---|
| পিএইচ.ডি./সমমান থাকলে স্নাতক এবং স্নাতকোত্তর পর্যায়ে ১টি প্রথম শ্রেণি / 'এ' গ্রেড।<br>দুই বছরের শিক্ষকতা / গবেষণার অভিজ্ঞতা।<br>১টি প্রকাশনা। | পিএইচ.ডি. সহ ৪টি প্রথম শ্রেণি / 'এ' গ্রেড থাকলে :<br>অত্র বিশ্ববিদ্যালয়ে তিন বছরের শিক্ষকতা / গবেষণার অভিজ্ঞতা।<br>১টি প্রকাশনা।<br>অথবা,<br>পিএইচ.ডি. সহ ৩টি প্রথম শ্রেণি / 'এ' গ্রেড থাকলে :<br>অত্র বিশ্ববিদ্যালয়ে চার বছরের শিক্ষকতা / গবেষণার অভিজ্ঞতা।<br>১টি প্রকাশনা।<br>অথবা,<br>পিএইচ.ডি. সহ স্নাতক এবং স্নাতকোত্তর পর্যায়ে ১টি প্রথম শ্রেণি / 'এ' গ্রেড থাকলে :<br>অত্র বিশ্ববিদ্যালয়ে পাঁচ বছরের শিক্ষকতা / গবেষণার অভিজ্ঞতা।<br>১টি প্রকাশনা। | পিএইচ.ডি. সহ অত্র বিশ্ববিদ্যালয়ে পাঁচ বছরের শিক্ষকতার অভিজ্ঞতা।<br>২টি প্রকাশনা। |
| এম.ফিল./সমমান থাকলে স্নাতক এবং স্নাতকোত্তর পর্যায়ে ১টি প্রথম শ্রেণি / 'এ' গ্রেড।<br>তিন বছরের শিক্ষকতা / গবেষণার অভিজ্ঞতা।<br>১টি প্রকাশনা। | এম.ফিল. সহ ৪টি প্রথম শ্রেণি / 'এ' গ্রেড থাকলে :<br>অত্র বিশ্ববিদ্যালয়ে চার বছরের শিক্ষকতা / গবেষণার অভিজ্ঞতা।<br>১টি প্রকাশনা।<br>অথবা,<br>এম.ফিল. সহ ৩টি প্রথম শ্রেণি / 'এ' গ্রেড থাকলে :<br>অত্র বিশ্ববিদ্যালয়ে পাঁচ বছরের শিক্ষকতা / গবেষণার অভিজ্ঞতা।<br>১টি প্রকাশনা।<br>অথবা,<br>এম.ফিল. সহ স্নাতক এবং স্নাতকোত্তর পর্যায়ে ১টি প্রথম শ্রেণি / 'এ' গ্রেড থাকলে :<br>অত্র বিশ্ববিদ্যালয়ে ছয় বছরের শিক্ষকতা / গবেষণার অভিজ্ঞতা।<br>১টি প্রকাশনা।<br>***(প্রকৌশল বিষয়ে এম.এস./স্নাতকোত্তর ডিগ্রি এম.ফিল. সমমান বলে গণ্য হবে।)** | এম.ফিল. সহ অত্র বিশ্ববিদ্যালয়ে ছয় বছরের শিক্ষকতার অভিজ্ঞতা।<br>২টি প্রকাশনা। |
| স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি ৩টি প্রথম শ্রেণি / 'এ' গ্রেড সহ।<br>তিন বছরের শিক্ষকতা / গবেষণার অভিজ্ঞতা।<br>২টি প্রকাশনা। | ৪টি প্রথম শ্রেণি / 'এ' গ্রেড।<br>অত্র বিশ্ববিদ্যালয়ে পাঁচ বছরের শিক্ষকতা / গবেষণার অভিজ্ঞতা।<br>২টি প্রকাশনা।<br>অথবা,<br>৩টি প্রথম শ্রেণি / 'এ' গ্রেড।<br>অত্র বিশ্ববিদ্যালয়ে পাঁচ বছরের শিক্ষকতা / গবেষণার অভিজ্ঞতা।<br>৩টি প্রকাশনা। | স্নাতক / স্নাতকোত্তর পর্যায়ে ১টি সহ মোট ২টি প্রথম শ্রেণি এবং অত্র বিশ্ববিদ্যালয়ে ছয় বছরের শিক্ষকতার অভিজ্ঞতা।<br>৩টি প্রকাশনা।<br>অথবা,<br>স্নাতক / স্নাতকোত্তর পর্যায়ে ১টি প্রথম শ্রেণি সহ অত্র বিশ্ববিদ্যালয়ে ছয় বছরের শিক্ষকতার অভিজ্ঞতা।<br>৪টি প্রকাশনা।<br>অথবা,<br>অত্র বিশ্ববিদ্যালয়ে সাত বছরের শিক্ষকতার অভিজ্ঞতা।<br>৫টি প্রকাশনা। |

১. পদ না থাকলেও উল্লিখিত এনবিআইইউ'র শর্ত অনুযায়ী সাধারণ যোগ্যতা সম্পন্ন প্রার্থীগণ অস্থায়ী ভিত্তিতে সহকারী অধ্যাপক পদে আপগ্রেড হতে পারবেন। তবে এক্ষেত্রে স্থায়ী সহকারী অধ্যাপক পদের নির্দিষ্ট বেতন স্কেল প্রাপ্য হবেন না। তবে তাদের মোট বেতন প্রভাষক পদের সর্বোচ্চ বেতনের কম হবে না।

২. অস্থায়ী ও বিশেষ বিবেচনায় সহকারী অধ্যাপক পদে আপগ্রেড হওয়া শিক্ষকগণ স্থায়ী সহকারী অধ্যাপক পদের নির্দিষ্ট বেতন স্কেল প্রাপ্য হবেন না। তবে তাদের মোট বেতন প্রভাষক পদের সর্বোচ্চ বেতনের কম হবে না।

৩. অস্থায়ী ও বিশেষ বিবেচনায় সহকারী অধ্যাপক পদে আপগ্রেড হওয়া শিক্ষকগণ অত্র বিশ্ববিদ্যালয়ে অতিরিক্ত আরো তিন বছরের অভিজ্ঞতা এবং আরো অতিরিক্ত ২টি প্রকাশনা থাকা সাপেক্ষে স্থায়ী সহকারী অধ্যাপক পদের (পদ থাকা সাপেক্ষে) জন্য যোগ্য হবেন।

অনুমোদিত হলো।
২৮-২-১৮

## ১২তম সিন্ডিকেট সভার কার্যবিবরণী

(৩১.১০.২০২৪)

(সিদ্ধান্ত নম্বর ৭, সংযুক্তি ১৩)

# শিক্ষক পদোন্নতি বিষয়ক নীতিমালা

**সহকারী অধ্যাপক পদে পদোন্নতির জন্য বিদ্যমান নীতিমালার সাথে নিম্নোক্ত নীতিমালা সংযোজন করা হলো–**

১) ইঞ্জিনিয়ারিং বিভাগসমূহে বিএস.সি. ইঞ্জিনিয়ারিং ডিগ্রিধারী শিক্ষকদের ক্ষেত্রে অত্র বিশ্ববিদ্যালয়ে শিক্ষকতার ৪(চার) বছরের অভিজ্ঞতা ও ২টি গবেষণা/কনফারেন্স পেপার প্রকাশনা।

২) সহকারী অধ্যাপক পদে পদোন্নতির বিদ্যমান নীতিমালার সকল ক্যাটাগরিতে অত্র বিশ্ববিদ্যালয়ে প্রভাষক হিসেবে শিক্ষকতার 'প্রতি ১ বছর অতিরিক্ত অভিজ্ঞতা' ও 'প্রতি ১টি অতিরিক্ত প্রকাশনা' একে অপরের সম্পূরক হতে পারে। তবে অত্র বিশ্ববিদ্যালয়ে প্রভাষক হিসেবে সর্বনিম্ন ৩(তিন) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা ও ন্যূনতম ১টি প্রকাশনা থাকতে হবে।

**সহযোগী অধ্যাপক পদে পদোন্নতির জন্য নিম্নোক্ত নীতিমালা প্রণয়ন করা হলো–**

১) পিএইচ.ডি. ডিগ্রি থাকলে সহকারী অধ্যাপক হিসেবে অত্র বিশ্ববিদ্যালয়ে শিক্ষকতা/গবেষণা ৩(তিন) বছরের অভিজ্ঞতা ও ৪টি প্রকাশনা।

২) এম.ফিল. ডিগ্রি থাকলে সহকারী অধ্যাপক হিসেবে অত্র বিশ্ববিদ্যালয়ে শিক্ষকতা/গবেষণা ৪(চার) বছরের অভিজ্ঞতা ও ৪টি প্রকাশনা।

৩) স্নাতকোত্তর ডিগ্রির ক্ষেত্রে সহকারী অধ্যাপক হিসেবে অত্র বিশ্ববিদ্যালয়ে শিক্ষকতা/গবেষণা ৫(পাঁচ) বছরের অভিজ্ঞতা ও ৪টি প্রকাশনা।

৪) ইঞ্জিনিয়ারিং বিভাগসমূহের বিএস.সি. ইঞ্জিনিয়ারিং ডিগ্রি থাকলে সহকারী অধ্যাপক হিসেবে অত্র বিশ্ববিদ্যালয়ে শিক্ষকতা/গবেষণা ৫(পাঁচ) বছরের অভিজ্ঞতা ও ৪টি প্রকাশনা।

*সহযোগী অধ্যাপক পদে পদোন্নতির নীতিমালার সকল ক্যাটাগরিতে অত্র বিশ্ববিদ্যালয়ে সহকারী অধ্যাপক হিসেবে শিক্ষকতার 'প্রতি ১ বছর অতিরিক্ত অভিজ্ঞতা' ও 'প্রতি ১টি অতিরিক্ত প্রকাশনা' একে অপরের সম্পূরক হতে পারে। তবে সহকারী অধ্যাপক হিসেবে অত্র বিশ্ববিদ্যালয়ে সর্বনিম্ন ৩(তিন) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা ও ন্যূনতম ১টি প্রকাশনা থাকতে হবে।

**অধ্যাপক পদে পদোন্নতির জন্য নিম্নোক্ত নীতিমালা প্রণয়ন করা হলো–**

১) পিএইচ.ডি. ডিগ্রি থাকলে সহযোগী অধ্যাপক হিসেবে অত্র বিশ্ববিদ্যালয়ে শিক্ষকতা/গবেষণা ৫(পাঁচ) বছরের অভিজ্ঞতা ও ৭টি প্রকাশনা।

২) এম.ফিল. ডিগ্রি থাকলে সহযোগী অধ্যাপক হিসেবে অত্র বিশ্ববিদ্যালয়ে শিক্ষকতা/গবেষণা ৬(ছয়) বছরের অভিজ্ঞতা ও ৭টি প্রকাশনা।

৩) স্নাতকোত্তর ডিগ্রির ক্ষেত্রে সহযোগী অধ্যাপক হিসেবে অত্র বিশ্ববিদ্যালয়ে শিক্ষকতা/গবেষণা ৭(সাত) বছরের অভিজ্ঞতা ও ৮টি প্রকাশনা।

৪) ইঞ্জিনিয়ারিং বিভাগসমূহের বিএস.সি. ইঞ্জিনিয়ারিং ডিগ্রি থাকলে সহযোগী অধ্যাপক হিসেবে অত্র বিশ্ববিদ্যালয়ে শিক্ষকতা/গবেষণা ৭(সাত) বছরের অভিজ্ঞতা ও ৮টি প্রকাশনা।

*অধ্যাপক পদে পদোন্নতির নীতিমালার সকল ক্যাটাগরিতে অত্র বিশ্ববিদ্যালয়ে সহযোগী অধ্যাপক হিসেবে শিক্ষকতার 'প্রতি ১ বছর অতিরিক্ত অভিজ্ঞতা' ও 'প্রতি ১টি অতিরিক্ত প্রকাশনা' একে অপরের সম্পূরক হতে পারে। তবে সহযোগী অধ্যাপক হিসেবে অত্র বিশ্ববিদ্যালয়ে সর্বনিম্ন ৫(পাঁচ) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা ও ন্যূনতম ২টি প্রকাশনা থাকতে হবে।

২০/১২/২০২২

(অধ্যাপক রাশেদা খালেক)
চেয়ারম্যান, ট্রাস্টি বোর্ড
ও
সভাপতি, নীতিমালা প্রণয়ন কমিটি
নর্থ বেঙ্গল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি

নর্থ বেঙ্গল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি
North Bengal International University
ক্যাম্পাস: চৌদ্দপাই, নাটোর রোড, মতিহার, রাজশাহী। Campus: Chowddopai, Natore Road, Motihar, Rajshahi
Mobile: 01789-908612, 01713-072270, 01979-908612 | www.nbiu.edu.bd | info@nbiu.edu.bd | nbiu.edu@gmail.com

# ১২তম সিন্ডিকেট সভার কার্যবিবরণী

(৩১.১০.২০২৪)

(সিদ্ধান্ত নম্বর ৮, সংযুক্তি ১৪)

## পদোন্নতি নীতিমালা (কর্মকর্তা)

১. **অফিসার / টেকনিক্যাল সহকারী** ইত্যাদি পদ থেকে **সিনিয়র অফিসার/টেকনিক্যাল অফিসার** পদে পদোন্নতির ক্ষেত্রে ন্যূনতম যোগ্যতা = ১০ পয়েন্ট।

২. **সিনিয়র অফিসার / টেকনিক্যাল অফিসার** পদ থেকে **এসিসটেন্ট ডিরেক্টর / এসিসটেন্ট রেজিস্ট্রার / সমমর্যাদা** সম্পন্ন পদে পদোন্নতির ক্ষেত্রে ন্যূনতম যোগ্যতা = ১২ পয়েন্ট।

৩. **এসিসটেন্ট ডিরেক্টর / এসিসটেন্ট রেজিস্ট্রার / সমমর্যাদা** সম্পন্ন পদ থেকে **ডেপুটি ডিরেক্টর / ডেপুটি রেজিস্ট্রার / সমমর্যাদা** সম্পন্ন পদে পদোন্নতির ক্ষেত্রে ন্যূনতম যোগ্যতা = ১৪ পয়েন্ট।

### পয়েন্ট বিন্যাস

**শিক্ষাগত যোগ্যতা :**

| | |
|---|---|
| স্নাতক (পাশ) | ১ পয়েন্ট |
| স্নাতক (পাশ) সহ মাস্টার্স | ২ পয়েন্ট |
| স্নাতক (অনার্স) / ৪ বছরের স্নাতক | ২ পয়েন্ট |
| স্নাতক (অনার্স) / ৪ বছরের স্নাতক সহ মাস্টার্স | ৩ পয়েন্ট |
| শুধুমাত্র এম.ফিল (পিএইচ.ডি. ছাড়া) ডিগ্রি থাকলে অতিরিক্ত | ১ পয়েন্ট |
| পিএইচ.ডি. অথবা এম.ফিল ও পিএইচ.ডি. থাকলে অতিরিক্ত | ২ পয়েন্ট |
| বিশেষায়িত / টেকনিক্যাল বিষয়ে স্বীকৃত প্রতিষ্ঠানের ডিপ্লোমা / প্রশিক্ষণ সনদ থাকলে অতিরিক্ত | ১ পয়েন্ট |

**অভিজ্ঞতা :**

- এনবিআইইউ'তে বর্তমান পদে / সমমর্যাদা সম্পন্ন পদে কাজ করার জন্য প্রতি এক বছরের জন্য ১ পয়েন্ট।
- পূর্ববর্তী কোন স্বীকৃত প্রতিষ্ঠানে প্রতি তিন বছর কাজ করার জন্য ১ পয়েন্ট (সর্বোচ্চ ৩ পয়েন্ট)।

**পারদর্শিতা স্বীকৃতি :**

- প্রতিষ্ঠানের প্রধান নির্বাহী (উপাচার্য) কর্তৃক প্রদত্ত পয়েন্ট (সর্বোচ্চ ৩ পয়েন্ট)।

উপরোক্ত নীতিমালার আলোকে পদোন্নতির জন্য একটি নির্বাচন কমিটি গঠিত হলো। কমিটির সদস্য নিম্নরূপ :

১. উপাচার্য – সভাপতি
২. চেয়ারম্যান, বোর্ড অব ট্রাস্টিজ – সদস্য
৩. উপ-উপাচার্য – সদস্য
৪. ট্রেজারার – সদস্য
৫. চিফ কো-অর্ডিনেটর – সদস্য
৬. রেজিস্ট্রার – সদস্য সচিব

২.১১.২৪

(অধ্যাপক রাশেদা খালেক)
চেয়ারম্যান, ট্রাস্টি বোর্ড
ও
সভাপতি, নীতিমালা প্রণয়ন কমিটি
নর্থ বেঙ্গল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি
রাজশাহী

নর্থ বেঙ্গল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি
North Bengal International University
NBIU
ক্যাম্পাস: চৌদ্দপাই, নাটোর রোড, মতিহার, রাজশাহী। Campus: Chowddopai, Natore Road, Motihar, Rajshahi
Mobile: 01789-908612, 01713-072270, 01979-908612 | www.nbiu.edu.bd | info@nbiu.edu.bd | nbiu.edu@gmail.com

# ১২তম সিন্ডিকেট সভার কার্যবিবরণী

(৩১.১০.২০২৪)

(সিদ্ধান্ত নম্বর ৯, সংযুক্তি ১৫)

**সিদ্ধান্ত-২:** শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের অবসরের নিম্নোক্ত নীতিমালা প্রণয়ন করা হলো:

i. শিক্ষকদের অবসরকালীন বয়স ৬৫ বছর এবং কর্মকর্তা ও কর্মচারীদের অবসরকালীন বয়স ৬২ বছর নির্ধারিত হলো।

ii. অবসরের পরে উক্ত ব্যক্তিকে (শিক্ষক/কর্মকর্তা ও কর্মচারী) বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ প্রয়োজন মনে করলে স্বপদে চুক্তিভিত্তিক নিয়োগ দিতে পারবেন।

iii. চুক্তিভিত্তিক নিয়োগের ক্ষেত্রে কোন পদোন্নতি কার্যকর হবে না।

iv. বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ চাইলে চুক্তিভিত্তিক নিয়োজিত ব্যক্তিকে অতিরিক্ত দায়িত্ব হিসেবে অন্য পদের দায়িত্ব দিতে পারবেন।

v. আগামী ১ জুলাই ২০২৪ থেকে অবসরের এই নীতিমালা কার্যকর হবে।

**(অধ্যাপক রাশেদা খালেক)**
চেয়ারম্যান, ট্রাস্টি বোর্ড
ও
সভাপতি, নীতিমালা প্রণয়ন কমিটি
নর্থ বেঙ্গল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি

নর্থ বেঙ্গল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি
North Bengal International University
NBIU
ক্যাম্পাস: চৌদ্দপাই, নাটোর রোড, মতিহার, রাজশাহী। Campus: Chowddopai, Natore Road, Motihar, Rajshahi
Mobile: 01789-908612, 01713-072270, 01979-908612 | www.nbiu.edu.bd | info@nbiu.edu.bd | nbiu.edu@gmail.com

# ১২তম সিন্ডিকেট সভার কার্যবিবরণী

(৩১.১০.২০২৪)

(সিদ্ধান্ত নম্বর ১০, সংযুক্তি ১৬)

**সিদ্ধান্ত-৩:** 'ডেপুটি' ডিরেক্টর/রেজিস্ট্রার/সমমর্যাদা সম্পন্ন পদের উচ্চপদ সৃষ্টি ও পদোন্নতি বিষয়ক নিম্নোক্ত নীতিমালা প্রণয়ন করা হলো:

i. 'ডেপুটি' ডিরেক্টর/রেজিস্ট্রার/সমমর্যাদা সম্পন্ন পদের উর্ধ্বে এবং পরিচালক/রেজিস্ট্রার/ কন্ট্রোলার/ সমমর্যাদা এই দুইটি পদের মাঝে 'অতিরিক্ত' পরিচালক/রেজিস্ট্রার/সমমর্যাদা পদটি প্রতিটি দপ্তর/ বিভাগের জন্য সৃষ্টি করা হলো।

ii. উক্ত পদে ('অতিরিক্ত' পরিচালক/রেজিস্ট্রার/সমমর্যাদা) প্রতি দপ্তর/বিভাগে একজনের বেশি নিয়োজিত থাকতে পারবেন না।

iii. যেহেতু উক্ত উচ্চপদে একই দপ্তরে একাধিক ব্যক্তি নিয়োজিত থাকতে পারবেন না, সেহেতু উক্ত উচ্চপদের জন্য স্বয়ংক্রিয়ভাবে যোগ্যতা নির্ধারণের কোন নীতিমালা থাকবে না।

iv. তবে সর্বনিম্ন যোগ্যতা হিসাবে স্নাতকোত্তর ডিগ্রি এবং ডেপুটি/সমমর্যাদা পদে কমপক্ষে ৮ বছর কর্মরত থাকতে হবে।

v. বিশ্ববিদ্যালয়ের প্রেসক্রাইবড 'কর্মকর্তা নিয়োগ কমিটি'র মাধ্যমে স্বাক্ষাৎকার গ্রহণপূর্বক পদোন্নতির জন্য আবেদনকারীর বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হবে।

(অধ্যাপক রাশেদা খালেক)
চেয়ারম্যান, ট্রাস্টি বোর্ড
ও
সভাপতি, নীতিমালা প্রণয়ন কমিটি
নর্থ বেঙ্গল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি

নর্থ বেঙ্গল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি
North Bengal International University
NBIU
ক্যাম্পাস: চৌদ্দপাই, নাটোর রোড, মতিহার, রাজশাহী। Campus: Chowddopai, Natore Road, Motihar, Rajshahi
Mobile: 01789-908612, 01713-072270, 01979-908612 | www.nbiu.edu.bd | info@nbiu.edu.bd | nbiu.edu@gmail.com

# ১২তম সিন্ডিকেট সভার কার্যবিবরণী

**(৩১.১০.২০২৪)**

**(সিদ্ধান্ত নম্বর ১১, সংযুক্তি ১৭)**

## 'বিভাগীয় প্রধান' রোটেশন নীতিমালা

১। বিভাগের দায়িত্বে থাকা কোন পূর্ণকালিন শিক্ষক 'বিভাগীয় প্রধান' হিসেবে আখ্যায়িত হবেন, কোঅর্ডিনেটর অথবা চেয়ারম্যান নয়। তবে অন্য বিশ্ববিদ্যালয়ের কোন শিক্ষক খণ্ডকালীন হিসেবে বিভাগের বিশেষ কোন দায়িত্বে নিয়োজিত হলে তাঁকে কোঅর্ডিনেটর হিসেবে আখ্যায়িত করা যাবে।

২। প্রতি ২ (দুই) বছর পর পর সিনিয়রিটির ভিত্তিতে বিভাগীয় প্রধান পদে রোটেশন হবে।

৩। এনবিআইইউ'তে নিজ বিভাগের শিক্ষক হিসেবে চাকুরি সময়ের ব্যাপ্তি হিসেবে সিনিয়রিটি গণনা হবে।

৪। ফ্যাকাল্টি/বিভাগীয় এডজাঙ্ক হিসেবে নিয়োজিত অন্য বিষয়ের শিক্ষক উক্ত বিভাগের বিভাগীয় প্রধান হিসেবে মনোনিত হবেন না।

৫। বিভাগীয় প্রধান হিসেবে মনোনিত হতে হলে নিজ বিভাগে কমপক্ষে ১ (এক) বছর পূর্ণকালিন শিক্ষক হিসেবে কাজ করতে হবে।

৬। মাননীয় উপদেষ্টার সাথে পরামর্শক্রমে বিশ্ববিদ্যালয় উপাচার্য মহোদয় মনোনিত বিভাগীয় প্রধানের সাক্ষাৎকার গ্রহণপূর্বক বিভাগীয় প্রধান হিসেবে চূড়ান্তভাবে দায়িত্ব প্রদান করবেন। মাননীয় উপদেষ্টার সাথে পরামর্শক্রমে বিশ্ববিদ্যালয় উপাচার্য মহোদয় যৌক্তিক কারণে কোন বিভাগীয় প্রধানকে অপসারণও করতে পারবেন।

৭। বিভাগীয় প্রধান অন্য কোন প্রশাসনিক পদে অধিষ্ঠিত থাকতে পারবেন না। মনোনিত বিভাগীয় প্রধান যদি পূর্ব থেকেই অন্য কোন প্রশাসনিক দায়িত্বে অধিষ্ঠিত থাকেন তবে মাননীয় উপদেষ্টার সাথে পরামর্শক্রমে বিশ্ববিদ্যালয় উপাচার্য মহোদয় এ বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত নিবেন।

৮। পরবর্তী বিভাগীয় প্রধান হিসেবে মনোনয়নের জন্য কোন যোগ্য প্রার্থী পাওয়া না গেলে পূর্বতন বিভাগীয় প্রধান পরবর্তী ১ (এক) বছরের জন্য কাজ চালিয়ে যাবেন।

৯। এনবিআইইউ'তে বিভাগীয় প্রধান/কোঅর্ডিনেটর হিসেবে যারা ইতিমধ্যে একটানা ৪ (চার) বছর বা তদূর্ধ্ব সময় অধিষ্ঠিত আছেন, এ নীতিমালা কার্যকর হওয়ার দিন থেকে তাঁদের পরবর্তী সিনিয়র শিক্ষক বিভাগীয় প্রধান হিসেবে মনোনিত হবেন। বর্তমান বিভাগীয় প্রধান/কোঅর্ডিনেটর হিসেবে যারা একটানা ৪ (চার) বছরের কম সময়ে যাবৎ অধিষ্ঠিত আছেন, তাঁদের ৪ (চার) বছর পূর্ণ হওয়ার দিন থেকে তাঁদের পরবর্তী সিনিয়র শিক্ষক বিভাগীয় প্রধান হিসেবে মনোনিত হবেন।

১০। আগামী ১ জুলাই ২০২৩ থেকে এই নীতিমালা কার্যকর হবে।

২৫/০৬/২০২৩

**(অধ্যাপক রাশেদা খালেক)**
চেয়ারম্যান, বোর্ড অব ট্রাস্টিজ ও
সভাপতি, নীতিমালা প্রণয়ন কমিটি

নর্থ বেঙ্গল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি
North Bengal International University
NBIU
ক্যাম্পাস: চৌদ্দপাই, নাটোর রোড, মতিহার, রাজশাহী। **Campus:** Chowddopai, Natore Road, Motihar, Rajshahi
Mobile: 01789-908612, 01713-072270, 01979-908612 | www.nbiu.edu.bd | info@nbiu.edu.bd | nbiu.edu@gmail.com

# ১২তম সিন্ডিকেট সভার কার্যবিবরণী

**(৩১.১০.২০২৪)**

**(সিদ্ধান্ত নম্বর ৩(ঘ), সংযুক্তি ৯)**

## গ্রন্থাগার থেকে বই/জার্নাল লেন-দেন করার নীতিমালা

(Library Borrowing Rules)

১. **শিক্ষক:** একজন শিক্ষক একসাথে ৩টি বই ও ২ জার্নাল ৩০ দিনের জন্য ইস্যু করতে পারবেন। ইস্যুকৃত বই/জার্নাল অন্য কারও প্রয়োজন না হলে ৩০ দিনের মধ্যে পুনরায় সেগুলো রি-ইস্যু করতে পারবেন। নির্ধারিত তারিখের (ডিউ ডেইট) মধ্যে ইস্যুকৃত বই/জার্নাল রিটার্ন অথবা রি-ইস্যু না করলে প্রতিদিন বই/জার্নাল প্রতি ২(দুই) টাকা হারে বিলম্ব ফি ধার্য হবে।

২. **শিক্ষার্থী (ছাত্র/ছাত্রী):** একজন শিক্ষার্থী একসাথে ২টি বই ও ১ জার্নাল ১৫ দিনের জন্য ইস্যু করতে পারবেন। ইস্যুকৃত বই/জার্নাল অন্য কারও প্রয়োজন না হলে ১৫ দিনের মধ্যে পুনরায় সেগুলো রি-ইস্যু করতে পারবেন। নির্ধারিত তারিখের (ডিউ ডেইট) মধ্যে ইস্যুকৃত বই/ জার্নাল রিটার্ন অথবা রি-ইস্যু না করলে প্রতিদিন বই/জার্নাল প্রতি ২(দুই) টাকা হারে বিলম্ব ফি ধার্য হবে।

৩. **গবেষক:** একজন গবেষক একসাথে ৩টি বই ও ২ জার্নাল ৩০ দিনের জন্য ধার নিতে পারবেন। ইস্যুকৃত বই/জার্নাল অন্য কারও প্রয়োজন না হলে ৩০ দিনের মধ্যে পুনরায় সেগুলো রি-ইস্যু করতে পারবেন। নির্ধারিত তারিখের (ডিউ ডেইট) মধ্যে ইস্যুকৃত বই/জার্নাল রিটার্ন অথবা রি-ইস্যু না করলে প্রতিদিন বই/জার্নাল প্রতি ২(দুই) টাকা হারে বিলম্ব ফি ধার্য হবে।

৪. **কর্মকর্তা/কর্মচারি:** একজন কর্মকর্তা একসাথে ১টি বই ও ১ জার্নাল ১৫ দিনের জন্য ইস্যু করতে পারবেন। ইস্যুকৃত বই/জার্নাল অন্য কারও প্রয়োজন না হলে ১৫ দিনের মধ্যে পুনরায় সেগুলো রি-ইস্যু করতে পারবেন। নির্ধারিত তারিখের (ডিউ ডেইট) মধ্যে ইস্যুকৃত বই/জার্নাল রিটার্ন অথবা রি-ইস্যু না করলে প্রতিদিন বই/জার্নাল প্রতি ২(দুই) টাকা হারে বিলম্ব ফি ধার্য হবে।

৫. শিক্ষক/কর্মকর্তা/কর্মচারি বিশ্ববিদ্যালয় থেকে ছুটি, অরসরগ্রহণ কিংবা চাকুরি ত্যাগ করতে চাইলে তাঁকে গ্রন্থাগার ছাড়পত্র নেওয়ার প্রয়োজন হবে। এই ছাড়পত্র নেওয়ার জন্য তাঁকে নামে ইস্যুকৃত সকল বই/জার্নাল (জরিমানা প্রযোজ্য হলে তা পরিশোধসহ) ফেরত দিতে হবে।

৬. শিক্ষার্থী/গবেষকদের বিশ্ববিদ্যালয়ের সনদপত্র নেওয়ার আবেদনের সঙ্গে গ্রন্থাগার ছাড়পত্র জমা দিতে হবে।এই ছাড়পত্র নেওয়ার জন্য তাঁকে নামে ইস্যুকৃত সকল বই/জার্নাল (জরিমানা প্রযোজ্য হলে তা পরিশোধসহ) ফেরত দিতে হবে।

**বই/জার্নাল ইস্যু করার জন্য সার্কুলেশন শাখার নিয়মাবলী:**

ক. একজন গ্রন্থাগার ব্যবহারকারী বই ইস্যু করার ক্ষেত্রে অবশ্যই বিশ্ববিদ্যালয় কার্ড/স্মার্ট আই.ডি. কার্ড প্রদর্শন করবেন।

খ. গ্রন্থাগার ব্যবহারকারীর বই ইস্যু করার ক্ষেত্রে অবশ্যই লাইব্রেরী সফটওয়ারে নিবন্ধিত হতে হবে।

গ. নিজ নিজ কার্ডে বই ইস্যু করতে হবে।

ঘ. প্রয়োজনে কর্তৃপক্ষ ৭ দিনের নোটিশে সকল ইস্যুকৃত বই ফেরত নিতে পারবেন।

ঙ. কোন ব্যবহারকারীর বিলম্ব ফি লাইব্রেরী সফটওয়ারে ধার্য হলে জরিমানা প্রদান না করা পর্যন্ত কোন বই ইস্যু করতে পারবেন না।

চ. বিশ্ববিদ্যালয় ক্যালেন্ডারে ঘোষিত ছুটির দিনে বিলম্ব ফি ধার্য হবে না।

ছ. রেয়ার বুক, রেফারেন্স, সাময়িকী, পাণ্ডুলিপি এবং যে সকল পাঠ্য বইয়ের একটিমাত্র কপি তা ইস্যু করা হয় না।

জ. লাইব্রেরী অনলাইন ক্যাটালগ (http://library.nbiu.edu.bd)

ঝ. অনলাইন লাইব্রেরী মেম্বারশীপ রেজিস্ট্রেশন (......................)